দৈনিক জনকণ্ঠ

তারিখ ..28.MAR..1997.. ..
পৃঃ 2 কলাম 8 ...

27

মন্ত্রিপরিষদের বৈঠক

# ব্যক্তির নামে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণের প্রস্তাব নাকচ

**স্টাফ রিপোর্টার ॥** বঙ্গবন্ধুসহ ১২ জনের নামে শিক্ষা প্রতিষ্ঠান করতে নগদ অর্থ জমা না দেয়া সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের একটি প্রস্তাব মন্ত্রিপরিষদ অনুমোদন করেনি। গতকাল বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বৈঠকে এটি নাকচ করে দেয়া হয়। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয় ব্যক্তির নামে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণ সম্পর্কিত নীতিমালায় উল্লিখিত প্রস্তাব রেখেছিল। প্রস্তাবিত সংশোধিত এ

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

**ব্যক্তির নামে** *(প্রথম পাতার পর)*

নীতিমালা সম্পর্কে বৈঠকে আলোচকরা মন্তব্য করেন যে, এর ফলে অলিতে গলিতে বঙ্গবন্ধুর নামে স্কুল-কলেজ নির্মিত হবে। এতে সরকারের সুনাম ক্ষুণ্ন হতে পারে। মন্ত্রিপরিষদ বৈঠকে ১৯৯৬-৯৭ সালের ইরি/বোরো সংগ্রহের নীতিমালা অনুমোদিত হয়।